# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**সেপ্টেম্বর, ২০২১ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মো: গোলাম রব্বানী সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম ।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ ঃ ১৬ সেপ্টেম্বর ২০২১।
সময় ঃ সকাল ১১:০০ টা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের পরিশিষ্ট 'খ'-তে উল্লিখিত ৭৯টি রাস্তা গেজেটভুক্ত না থাকায় বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন করা যাচ্ছে না। কিন্তু রাস্তা বাস্তবায়ন করার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য ও বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ সুপারিশ করছেন। রাস্তাগুলো গেজেটভুক্ত করার জন্য উপজেলা পরিষদের অনুমোদন নিয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (৭৯টি রাস্তার তালিকা পরিশিষ্ট 'খ'-তে দেখানো হলো)। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরিশিষ্ট 'খ'-তে উল্লিখিত ৭৯টি রাস্তা গেজেটভুক্ত করার জন্য সর্বসম্মতি ক্রমে অনুমোদন করা হলো। রাস্তাসমূহ গেজেটভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশের আলোকে নিম্ন বর্ণিত প্রকল্পসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>সক্ষমতা বৃদ্ধিমূলক প্রকল্প:<br>১। কোভিড-১৯ প্রতিরোধে স্থানীয় স্বাস্থ্যকর্মী ও জন প্রতিনিধি- দের ভূমিকা শীর্ষক প্রকল্প;<br>২। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিজ্ঞান, গণিত ও ইংরেজি বিষয়ের পাঠদান কৌশল উন্নয়নে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>৩। পিপিআর ও ই-জিপির আলোকে স্থানীয় পর্যায়ে সঠিকভাবে প্রকল্প নির্বাচন, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>৪। উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের ই-ফাইলিং, ওয়েবপোর্টাল ও আইসিটি বিষয়ে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>৫। দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহের দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>৬। মাদক সেবন, মানব পাচার ও চোরাচালান প্রতিরোধে মতামত পোষণকারী ব্যক্তিদের ভূমিকা বিষয়ক প্রশিক্ষণ;<br>৭। বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলা ব্যাপী ছাত্র/ছাত্রী সমাবেশ;<br>৮। করোনাকালীন বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ;<br>৯। বাণিজ্যিক ভিত্তিতে উচ্চমূল্য ফল চাষ, দ্রুতবর্ধনশীল মৎস্যচাষ ও গো-খামারী উদ্যোক্তাদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | | |

(চলমান/২)

| | | | |
|---|---|---|---|
| | অবকাঠামোগত প্রকল্প:<br>১। বোয়াইলভীর টেকনিক্যাল এন্ড বিএম কলেজে ওয়াশব্লক নির্মাণ;<br>২। উত্তর শিমুলবাড়ী উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ নির্মাণ;<br>৩। মধ্য কাশীপুর দাখিল মাদ্রাসায় শ্রেণি কক্ষ নির্মাণ;<br>৪। বালারহাট আদর্শ স্কুল এন্ড কলেজের শ্রেণি কক্ষ নির্মাণ | উপস্থাপিত প্রশিক্ষণ ও অবকাঠামোগত প্রকল্পসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী ,ফুলবাড়ী<br>২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>১) তিনি জানান চলতি আমন মৌসুমে ১১৮৩০ হে: জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয় এর মধ্যে ১২০ হে: জমি সম্প্রতি ঘটে যাওয়া বন্যায় ক্ষতিগ্রস্ত হয় এবং ক্ষতিগ্রস্ত জমিতে কৃষকগণ বলান ও নাভীজাতের চারা রোপন অব্যাহত রেখেছে। মাঠের অন্যান্য ফসলসহ আমন ফসলের মাঠের অবস্থা ভাল। আশা করা যায় কাঙ্খিত ফলন পাওয়া যাবে।<br>২) সার ও বালাই নাশকসহ কৃষি উপকরণ পরিস্থিতি ভাল, কোন সমস্য নেই।<br>৩) চলতি বছরে এখন পর্যন্ত নাবী পাটবীজ উৎপাদন কার্যক্রম ৩০ জন চাষীর মাধ্যমে উপকরণ বিতরণের পর বাস্তবায়ন চলমান এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নগদ হিসাবে ২৬৩০/- হারে প্রেরণ করা হবে।<br>৪) এ ছাড়াও গত সপ্তাহে ১০০ জন কৃষককে মাসকলাই বীজ ও সার বিতরণের জন্য ইউনিয়ন বিভাজন দেয়া হয়েছে। আগামী ১৯/৯/২০২১ তারিখে তালিকাভুক্ত কৃষককে উপকরণ প্রদান করা হবে। এ জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>৫) আসন্ন রবি মৌসুমে যাতে নির্বিঘ্নে ফসল আবাদ সম্পন্ন হয় সেজন্যে কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। আশা করা হচ্ছে এ বছর ভূট্টা, সরিষা, আলু, গম ও সব্জি আবাদ বৃদ্ধি পাবে।<br>৬) তিনি জানান, কৃষি যান্ত্রিকরণে ফুলবাড়ীতে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে। সরকার ৫০% ভর্তুকিতে বিভিন্ন প্রকার যন্ত্র সরবরাহ করার উদ্যোগ গ্রহণ করেছে। আগ্রহী ব্যক্তি/কৃষক গ্রুপকে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে প্রচার চলমান রয়েছে। সবাইকে কৃষি ক্ষেত্রে বিশেষ নজর রেখে সহযোগিতার আহবান জানানো হচ্ছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়িত আগস্ট ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক ১) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৩১৭টি। ২) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১১৩০৬টি ৩) গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৭২২০টি ৪) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে-৪৪৫০০টি ৫) পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০২টি, ৬) গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৮০টি এবং ৬) সংকর জাতের বাচ্চা উৎপাদন করা হয়েছে ১১২টি । | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৩)

<table>
<tr><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। করোনা ভাইরাসের টিকা প্রতিদিন ১৫০০-২০০০ দেয়া হচ্ছে। তিনি স্কুল, কলেজ ও মাদ্রাসায় হ্যান্ড স্যানিটাইজার ও সাবান ব্যবহার বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td><td>সভায় আলোচনান্তে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধি করতে হবে। করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা</td></tr>
<tr><td>অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা</td><td>অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানার প্রতিনিধি এস,আই ইয়াছিন আলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। করোনা ভাইরাসের প্রকোপ যাতে বাড়তে না পারে সে বিষয়ে পুলিশি প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>করোনা পরিস্থিতি মোকাবেলাসহ মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।</td><td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।</td></tr>
<tr><td>উপজেলা প: প: বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত আগস্ট মাসে তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়।
<table>
<tr><td rowspan="2">পদ্ধতির নাম</td><td colspan="2">গ্রহণকারী</td><td rowspan="2">প্রজেকশন</td><td rowspan="2">বিতরণ ও সম্পাদন</td></tr>
<tr><td>সংখ্যা</td><td>হার</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৬২০৯</td><td>৩৮.৩৩%</td><td>৩৯%</td><td>১৩৯০৮(চক্র)</td></tr>
<tr><td>কনডম</td><td>১০৯৩</td><td>(-)৪.৪২%</td><td>৭%</td><td>৬০৩৫পিস</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৯৩১১</td><td>২২.০২%</td><td>১৯%</td><td>২৭২৮ ভায়াল</td></tr>
<tr><td>অস্থায়ী মোট</td><td>২৬৬১৩</td><td>৬২,৯৩%</td><td>৬৫%</td><td>-</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৮০৮</td><td>(২).০৯%</td><td>৪%</td><td>৮৩(পিস)</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>১৫৯২</td><td>৩.৭৬%</td><td>৪%</td><td>৪০(পিস)</td></tr>
<tr><td>পুরুষ স্থায়ী</td><td>১৯২৫</td><td>৪.৫৫%</td><td>৫%</td><td>০৬ জন</td></tr>
<tr><td>মহিলা স্থায়ী</td><td>২৯৪০</td><td>৬.৯৫%</td><td>৭%</td><td>০৬ জন</td></tr>
<tr><td>স্থায়ী ও দীর্ঘ মেয়াদী</td><td>৭২৬৫</td><td>১৭.১৮%</td><td>২০%</td><td></td></tr>
<tr><td>সর্বমোট:</td><td>৩৩৮৭৮</td><td>৮০.১৩%</td><td>৮৫%</td><td></td></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>৪২২৭৯</td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে।</td><td>উপজেলা প:প: কর্মকর্তা, ফুলবাড়ী</td></tr>
<tr><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>১) তিনি জানান শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক<br>১) গুগল মিট/ওয়ার্ক বিতরণের মাধ্যমে পাঠদান অব্যাহত রয়েছে।।<br>২) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত ৭৪২জন শিক্ষকের মধ্যে কোভিড-১৯ এ ৫৫০জন টিকা গ্রহণ করেছেন। রেজিস্ট্রেশন চলমান।<br>৩) জাতীয় শোক দিবস ২০২১ যথাযথভাবে মর্যাদায় পালন উপলক্ষে সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। ৪) অফিসের মেরামত কাজ চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান/৪)

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>১। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এসএসসি/সমমান ২০২১, দাখিল-২০২১, এইচএসসি ২০-২১ এ্যাসাইনমেন্ট কার্যক্রম শিক্ষার্থী/অভিভাবকদের মাঝে বিতরণ ও স্বাস্থ্যবিধি মেনে চলমান এবং প্রতিষ্ঠানে গণসমাবেশ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। যা প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে তদারকি করা হচ্ছে মর্মে জানান।<br>২। কোভিড-১৯ অতিমারী বিবেচনায় সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক এবং মন্ত্রণালয় প্রদত্ত "শিক্ষা প্রতিষ্ঠান চালুকরণ নির্দেশনা" মোতাবেক রুটিন অনুযায়ী পর্যায়ক্রমে পাঠদান কার্যক্রম চলমান। যা প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে তদারকি করা হচ্ছে।<br>৩) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাশেলের ৫৭ তম জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।<br>৪। বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান অলিম্পিয়াড কার্যক্রম প্রতিষ্ঠান পর্যায়ে চলমান।<br>৫। প্রতিষ্ঠানের নামের ই-মেইল চালু রাখা/নিয়মিত চেক করা এবং প্রত্যেক শিক্ষক, অফিস সহকারীর এনড্রয়েড সেটে লগইন রাখা কাঁক্রম চলমান।<br>৬। useofulbarikurigram ফেসবুক ID এবং ফুলবাড়ী শিক্ষা পরিবার, কুড়িগ্রাম ম্যাসেঞ্জার গ্রুপে প্রতিষ্ঠানের সকল শিক্ষক যুক্ত হবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৭। দ্রুততার সাথে তথ্য আদান প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানের নামে অবশ্যই ফেসবুক আইডি থাকতে হবে এবং প্রধানের মোবাইল সেটে imo, whats app, messenger, Zoom Cloud Meeting Apps রাখতে হবে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয় সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো জানানউপজেলা সমাজসেবা অফিসারের গত ৩১/০৮/২০২১ তারিখের ৪১.০১.৪৯১৮. ০০০০.০৬.০০১.২১-১৭৫(০৬) স্মারকের আবেদনপত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনায় উপস্থিতত সদস্যবৃন্দও কার্যালয়টি মেরামত করা অত্যন্ত প্রয়োজন বলে অভিমত জ্ঞাপন করে প্রস্তাবের পক্ষে মতামত ব্যক্ত করেন। কার্যালয় ঘরটির সম্পূর্ণ টিনের চাল পরিবর্তন করতে উপজেলা প্রকৌশলীর কার্যালয়, ফুলবাড়ী এর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করার শর্তে বরাদ্দ প্রদান করা হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়। গত মার্চ ২০২১ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদ চত্বরের উত্তর দিকে অবস্থিত বিএডিসি এর পরিত্যক্ত ভবনের স্থলে 'শেখ ফজিলাতুন্নেসা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন প্রকল্প' এর আওতায় ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় ১২(বারো) শতাংশ জমি বরাদ্দ প্রদান করা হয়। উক্ত জমিতে ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। সেইসাথে সদাশয় সরকারের মহতী এ উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরিসহ সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে ফুলবাড়ী উপজেলায় বোরো চালের বরাদ্দ ১১৮৬.০০০ মে: টন এবং সংগ্রহ হয়েছে ৭৫১.৬৫০ মে: টন, অবশিষ্ট ৪৩৪.৩৫০ মে.টন। ধানের বরাদ্দ ১১৮২.০০০ মে: টন এবং এ পর্যন্ত সংগ্রহ হয়েছে ৯১৯.৭০০ মে: টন। গমের বরাদ্দ ১০৭.০০০ মে: টন এবং এ পর্যন্ত সংগ্রহ হয়েছে ১০৭.০০০ মে: টন। | বিধি মোতাবেক স্বচ্ছভাবে ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দের ভিত্তিতে বোরো চাউল, ধান এবং গম সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নিয়ন্ত্রক, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| চেয়ারম্যান শিমুলবাড়ী ইউপি | জনাব মো: এজাহার আলী, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের মেরামত/সংস্কারযোগ্য রাস্তাসমূহ মেরামতের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | রাস্তাসমূহ পরিদর্শনপূর্বক মেরামত/ সংস্কারের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি/ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| চেয়ারম্যান বড়ভিটা ইউপি। | জনাব মো: খয়বর আলী, চেয়ারম্যান, বড়ভিটা ইউপি জানান যে, তার ইউনিয়নের ১) ইউনিয়ন পরিষদ হতে বড়ভিটা বাজার গামী রাস্তা ২) বড়ভিটা ইউনিয়নের সোবহান মাস্টারের বাড়ী হতে আমসা বাজার পর্যন্ত রাস্তা মেরামত/সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | রাস্তা দু'টি পরিদর্শনপূর্বক মেরামত/ সংস্কারের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি/ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি | মো: মইনুল হক, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি সভায় জানান যে, ফুলবাড়ী হাসপাতাল গামী রাস্তা মেরামতের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি পরিদর্শনপূর্বক মেরামত/ সংস্কারের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | -উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে [illegible] সংক্রান্ত পরিপত্র যার পত্র সংখ্যা ৪৬. ০০. ০০০০. ০৪৬. ০৬.৪৯৮.২০-৫৩১, তারিখ : ২৯/০৮/২০২১ এবং একই বিভাগের পত্র যার স্মারক নং-৪৬.০০. ০০০০. ০৪৬. ০২০.০১০.২০২০-৫১২ সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত পত্রে ২০২১-২০২২ অর্থবছর থেকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মাসে ২১০ লি: জ্বালানী খরচ নির্বাহ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছর হতে উপজেলা পরিষদের জীপগাড়ির নির্দিষ্ট পরিমাণ জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| বিবিধ | সভায় ২০২১-২০২২ অর্থবছরে জীপগাড়ী মেরামত বাবদ ২৯,৪৫৫/- (উনত্রিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকার খরচ সভায় অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুযায়ী যানবাহন মেরামতের জন্য বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় সর্বসম্মতিক্রমে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ২৯,৪৫৫/- (উনত্রিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকার খরচ অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
**www.phulbari.kurigram.gov.bd**

মুজিব শতবর্ষ

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২১-৮৬৭

তারিখ : ১১ আশ্বিন, ১৪২৮
২৬ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব, ............................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। ভাইস-চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। উপজেলা..................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান......................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব......................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭। অফিস নথি।

২৬/০৯/২১

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

২৬/০৯/২১

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : সেপ্টেম্বর ২০২১ সভার তারিখ: ১৬/৯/২০২১ সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৪৬-৪৪৫৫-২৬ | | ১৬/৯/২১ |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01735202710 | shoayeblm537@gmail.com | 16.9.21 |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01712435371 | mrashid_ai@yahoo.com | 16/9/2021 |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01309426366 | | ১৬/০৯/২১ |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01720-615425 | — | ১৬/৯/২১ |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01932498449 | ueofulkuri@gmail.com | |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499<br>01708415117 | usso.phulbari@gmail.com | ১৬/০৯/২১ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | sabujkumargupta07@gmail.com | ১৬/৯/২১ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01321362300 | mdsamsulhuda81@gmail.com | ১৬/০৯/২১ |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilaphulbari@gmail.com | ১৬/০৯/২০২১ |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৬১ ৫৬৭৫৫ | ufpofulbari2@gmail.com | ১৬/০৯/২০২১ |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913993 | uwaofulkuri@gmail.com | |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | [illegible] | dydphulkuri@gmail.com | ১৬/৯/২১ |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী | 01710425104 | hasandpi10@gmail.com | ১৬/০৯/২১ |
| ২১ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র,ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : সেপ্টেম্বর ২০২১ সভার তারিখ: ১৬/৯/২০২১ সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৮-৯০৯৯০৯ | | [illegible] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [illegible] |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [illegible] |
| ৫ | চেয়ারম্যান,ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৮-৫৮২০১৮ | gmondol1964@gmail.com, | [illegible] |
| ৭ | মো: মইনুল হক (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | [illegible] |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | [illegible] |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | |